

## রাজা

দেখে সহিতে পারে না—আমাকে বিপদ বলে' মনে করে' আমার কাছ থেকে উদ্ধ্বাসে পালাতে চায়। এমন কতবার দেখেছি। সেই জন্যে সেই দুঃখ থেকে বাঁচিয়ে ক্রমে ক্রমে তোমার কাছে পরিচয় দিতে চেয়েছিলুম।

সুদর্শনা। কিন্তু পাপ এসে সমস্ত ভেঙে দিলে—এখন আর যে তোমার সঙ্গে তেমন করে' পরিচয় হ'তে পারবে তা মনে করতেও পারিনে।

রাজা। হবে বাণী হবে। যে কালো দেখে আজ তোমার বুক কেঁপে গেছে সেই কালোতেই একদিন তোমার হৃদয় স্নিগ্ধ হ'য়ে যাবে। নইলে আমার ভালবাসা কিসের ?

## গান

আমি রূপে তোমায় ভোলাব না  
ভালবাসায় ভোলাব।  
আমি হাত দিয়ে দ্বার খুলব না গো  
গান দিয়ে দ্বার খোলাব।  
ভরাব না ভূষণ ভারে,  
সাজাব না ফুলের হারে,  
সোহাগ আমার মালা করে'  
গলায় তোমার দোলাব।

## রাজা

জানবে না কেউ কোন্ তুফানে

তরঙ্গদল নাচবে প্রাণে,

চাঁদের মতন অলখ টানে

জোয়ারে চেউ তোলাব ॥

সুদর্শনা । হবে না, হবে না, শুধু তোমার ভালবাসায় কি হবে । আমার ভালবাসা যে মুখ ফিরিয়েছে । রূপের নেশা আমাকে লেগেছে—সে নেশা আমাকে ছাড়বে না, সে যেন আমার দুই চক্ষে আগুন লাগিয়ে দিয়েছে আমার স্বপনসুন্দর আলবাল করেচে । এই আমি তোমাকে সব কথা বল্লুম, এখন আমাকে শাস্তি দাও ।

রাজা । শাস্তি শুরু হয়েছে ।

সুদর্শনা । কিন্তু তুমি যদি আমাকে হাগ না কর আমি তোমাকে হাগ করব ।

রাজা । যতদূর সাধা চেফটা করে' দেখ ।

সুদর্শনা । কিছু চেফটা করতে হবে না—তোমাকে আমি সহজে পারচিনে । ভিতরে ভিতরে তোমার উপর রাগ হচ্ছে । কেন তুমি আমাকে— জানিনে আমাকে তুমি কি করেছ ? কিন্তু কেন তুমি এমনতর ? কেন আমাকে লোকে বলেছিল তুমি সুন্দর ? তুমি যে কালো, কালো, তোমাকে আমার কখনো ভালো লাগবে না । আমি যা ভালবাসি তা আমি দেখেছি—